

চুংগী পোকা

চুংগী পোকা প্রধানত: আমন মৌসুমের পোকা। তবে অনুকূল আবহাওয়ায় আউশ মৌসুমেও দেখা যেতে পারে।

পূর্ণবয়স্ক চুংগী পোকাকার মথ সাদা রঙের এবং পাখার উপর বাদামি রংয়ের দাগ রয়েছে। স্ত্রী মথ গাছের নিচের দিকের পাতার পিছন পিঠে ডিম পাড়ে। ডিম থেকে কিড়া বেরতে ৩-৬ দিন সময় লাগে। কিড়ার রঙ সবুজ এবং জীবনকাল ২-৩ সপ্তাহ। পুতুলি থেকে পূর্ণবয়স্ক মথ বেরতে প্রায় ১ সপ্তাহ সময় লাগে। পূর্ণবয়স্ক মথ ৮-১২ দিন বেঁচে থাকে। চুংগী পোকাকার জীবন চক্র শেষ হতে অবস্থাভেদে ৪-৫ সপ্তাহ সময় লাগে।



চিত্র: চুঙ্গি পোকা

ক্ষতি

- ▶ চুংগী পোকাকার কিড়া রাতের বেলায় গাছের ক্ষতি করে। পোকাকার কিড়া পাতার সবুজ অংশ লম্বালম্বিভাবে কুরে কুরে খায়, ফলে শুধুমাত্র ওপরের পর্দাটা বাকী থাকে। এ ছাড়া পাতার ওপর দিকটা কেটে ২-৩ সেন্টিমিটার লম্বা চুঙ্গি তৈরি করে এবং এসব চুঙ্গির মধ্যে লুকিয়ে থাকে। চুঙ্গিগুলো আক্রান্ত গাছের গায়ে ঝুলে থাকে এবং পানিতে ভেসে এক গাছ থেকে অন্য গাছে আক্রমণ করে।
- ▶ চুংগী পোকাকার সংখ্যা বৃদ্ধির জন্য আর্দ্র আবহাওয়া এবং ক্ষেতে দাড়ানো পানি অনুকূল। বীজতলায় চারা এবং মধ্যবয়সী গাছ বেশি আক্রান্ত হয়।



চিত্র: চুঙ্গি পোকায় ক্ষতিগ্রস্ত ধান গাছ

দমন ব্যবস্থাপনা

- ▶ আক্রান্ত জমির পানি বের করে দেয়া।
- ▶ আলোক ফাদের সাহায্যে পূর্ণবয়স্ক মথ মেরে ফেলা।
- ▶ চুঙ্গিকৃত পাতা নষ্ট করে ফেলা।
- ▶ প্রয়োজনে কীটনাশক ব্যবহার করা। (তবে এক্ষেত্রে শতকরা ২৫ ভাগ পাতা ক্ষতিগ্রস্ত হলেই কীটনাশক প্রয়োগের চিন্তা করা উচিত)।



চিত্র: চুংগী পোকায় ক্ষতিগ্রস্ত ধান গাছ